

া লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

৩৪২. শিষ্টাচারী, মার্জিত, ভদ্র ও সৌজন্যশীল হোন

আপনার বন্ধুদের সাথে ভদ্র ব্যবহার করুন এবং তারা যে নাম সবচেয়ে বেশি ভালোবাসে তাদেরকে সে নামে ডাকুন; তারা যে নাম অপছন্দ করে তাদেরকে সে নাম ধরে ডাকবেন না। অন্যেরা যদি আপনাকে মন্দ নামে ডাকত তবে আপনি কি তা পছন্দ করতেন?

আপনার স্ত্রীর সাথে মার্জিত আচরণ করুন। স্ত্রীলেকের পক্ষে কতইনা এমন দুভাগ্যজনক ঘটনা ঘটে যে, সে সারাদিন রান্না-বান্না, ঝাড়া-পোছা আর ধোয়া-মোছা করার পর তার স্বামী ঘরে ফিরে এসে তার স্ত্রীর কোন কাজকর্ম চোখে দেখতে পায় না! স্বামী যদি স্ত্রীকে এমন কোন কথা বলত যাতে স্ত্রী তার কাজকে অপর্যাপ্ত ও অবজ্ঞাত ভাবত, তার চেয়েও বেশি ক্ষতি করে স্বামীর এই বিরাগ।

সুতরাং, অন্যদের প্রতি মনোযোগী হোন এবং তারা যে ভালোকাজ করে তার জন্য তাদেরকে ধন্যবাদ দিন। আপনার স্ত্রী যদি আপনার নিকট সুন্দর দেখানোর জন্য সাজগোছ করতে সময় নেয় তবে তার রূপের প্রশংসা করুন এবং আপনার প্রতি তার দৈনন্দিন ভক্তির জন্য তাকে ধন্যবাদ দিন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7849

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন